# ঊনবিংশ আন্তর্জাতিক ভাষা-বিজ্ঞান অলিম্পিয়াড

## ক্যাসলটাউন (আইল অফ ম্যান), 25–29 জুলাই, 2022

### একক প্রতিযোগিতার প্রশ্ন সমূহ

**উত্তর লেখার নিয়ম**

প্রশ্ন নকল করার প্রয়োজন নেই। প্রত্যেক প্রশ্নের উত্তর আলাদা পৃষ্ঠায় লেখ। প্রত্যেক পৃষ্ঠায় প্রশ্ন নম্বর এবং তোমার পদবি লেখ। নাহলে তোমার কাজ হারিয়ে যেতে বা অন্য কারুর সাথে বদলে যেতে পারে।

অন্যথা বলা না থাকলে, তথ্য থেকে শনাক্ত করা যেকোনো নিদর্শন এবং নিয়মাবলী বিবৃত করো। নতুবা তোমার উত্তরগুলিকে পুরো নম্বর দেওয়া যাবেনা।

---

**প্রশ্ন নং 1 (20 পয়েন্ট).** এখানে উবিখ ভাষার ‘দেওয়া’ ক্রিয়ার কিছু রূপ বাংলা অনুবাদসহ আছে:

1. ***wəš’tʷən*** — আমরা তোমাকে তার কাছে দিই
2. ***sawtʷən*** — তুমি আমাকে তাদের কাছে দাও
3. ***awəstʷan*** — আমি তাদেরকে তোমার কাছে দিই
4. ***wəsənatʷən*** — তারা তোমাকে আমার কাছে দেয়
5. ***ŝʷəstʷan*** — আমি তোমাদেরকে তার কাছে দিই
6. ***š’antʷan*** — সে আমাদেরকে তাদের কাছে দেয়
7. ***awəš’tʷən*** — আমরা তাকে তোমার কাছে দিই
8. ***səŝʷəntʷan*** — সে আমাকে তোমাদের কাছে দেয়
9. ***aŝʷəstʷan*** — আমি তাকে তোমাদের কাছে দিই

(a) উপরের নয়টি গঠনের শেষটি আসলে দুটি উপায়ে বাংলায় ভাষার তে অনুবাদ করা যেতে পারে। এর অন্য অনুবাদ কি?

(b) বাংলায় ভাষায় অনুবাদ কর:

10. ***aš’əntʷən***
11. ***səŝʷtʷan***
12. ***š’əwənatʷan***

(c) উবিখ ভাষায় অনুবাদ কর:

13. তারা তোমাদেরকে আমার কাছে দেয়
14. তোমরা তাকে আমার কাছে দাও
15. তুমি আমাদেরকে তার কাছে দাও
16. আমরা তোমাকে তাদের কাছে দিই
17. সে তাদেরকে আমাদের কাছে দেয়

⚠ উবিখ ভাষাটি আবখাজো-আদিজীয় ভাষাগোষ্ঠীর অন্তর্গত। 1864 অবধি, রাশিয়ার বর্তমান সোচি শহরের এলাকায় কয়েক দশ হাজার মানুষ এই ভাষাটি বলত। তেভফিক এসেন্স, যিনি উবিখ-এর শেষ সম্পূর্ণ দক্ষ স্থানীয় বক্তা হিসাবে বিবেচিত হন, 1992 সালে তুরস্কে মারা যান।

***ə*** স্বরবর্ণ; ***š’***, ***ŝʷ***, ***tʷ*** ব্যঞ্জনবর্ণ।

—পিওত্র আর্কাদ্যেভ

**প্রশ্ন নং 2 (20 পয়েন্ট).** এখানে অ্যালাবামা ভাষায় কিছু শব্দ বাংলা অনুবাদসহ (নির্দিষ্ট ক্রম ব্যতীত) আছে:

1. **achánnàaka**
2. **achanni**
3. **ahamatli**
4. **ahámmatka**
5. **apòotka**
6. **apotòoli**
7. **apóttòoka**
8. **atanayli**
9. **atánnayka**
10. **atanni**
11. **bàalka**
12. **balàali**
13. **balli**
14. **incháffàaka**
15. **kawaɬɬi**
16. **ɬìilka**
17. **ɬìipka**
18. **ɬilaffi**
19. **ɬipli**
20. **ɬíppìika**
21. **ɬobaffi**
22. **ɬómbafka**
23. **ɬombi**
24. **ɬòomka**
25. **sibapli**
26. **simbi**

A. সে এটাকে দুই ভাগে ভাঙে
B. সে এগুলোকে শোয়ায়
C. সে এগুলো আবৃত করে
D. সে এটাকে কিছুর পাশে রাখে
E. সে এগুলোকে উল্টে দেয়
F. এটা অনেক ভাগে ছেঁড়া, এগুলো ছেঁড়া
G. এটা কিছুর উপর হেলান দেয়
H. এগুলো উল্টো আছে
I. এটা কিছুর পাশে আছে
J. এটির ছিদ্র *(বহুবচন)* আছে, এগুলির ছিদ্র *(বহুবচন)* আছে
K. এটি আবৃত আছে
L. এগুলো শুয়ে আছে, *(এগুলোকে)* শোয়ানো হয়
M. এটা ছড়ানো আছে, এগুলো ছড়ানো আছে
N. সে এগুলোকে কিছুর উপর হেলান দেওয়ায়
O. সে ছিদ্র *(বহুবচন)* বানায়
P. সে একটা ছিদ্র বানায়
Q. এটা উল্টো আছে
R. সে এটা ছড়ায়, সে এগুলো ছড়ায়
S. এগুলো কিছুর পাশে আছে
T. সে এটাকে দুই ভাগে ছেঁড়ে
U. তার একটি আছে
V. সে এটাকে শোয়ায়
W. এটির একটা ছিদ্র আছে
X. সে ছাল ছাঁড়ায়
Y. সে এক ফালা ছেঁড়ে
Z. সে এটা আবৃত করে

(a) সঠিক মিল নির্ণয় কর।

(b) বাংলায় ভাষায় অনুবাদ কর:

27. **bállàaka**
28. **inchafàali**
29. **kawwi**

এর মধ্যে একটির দুটি সম্ভাব্য অনুবাদ আছে। দুটোই দাও।

(c) অ্যালাবামা ভাষায় অনুবাদ কর:

30. সে এটাকে অনেক ভাগে ছেঁড়ে
31. এটা দুই ভাগে ছেঁড়া
32. সে এটাকে উল্টে দেয়
33. সে এটাকে কিছুর উপর হেলান দেওয়ায়

(d) (c) এর উত্তর থেকে আলাবামা শব্দগুলির মধ্যে একটি অন্য উপায়েও বাংলায় ভাষার তে অনুবাদ করা যেতে পারে। কোনটি, এবং কিভাবে?

⚠ অ্যালাবামা ভাষাটি মাসকোগীয় ভাষাগোষ্ঠীর অন্তর্গত। এই ভাষাটি আলাবামা-কৌশাত্তা রিজার্ভেশন, টেক্সাস, মার্কিন যুক্তরাষ্ট্রে প্রায় 360 জন মানুষ বলে থাকেন।

**ch** = চ। **ɬ** =অকথিত ল। দ্বিগুণ অক্ষর দৈর্ঘ্য নির্দেশ করে। চিহ্ন ´ উঁচু স্বর চিহ্নিত করে। চিহ্ন ` পতনশীল স্বর চিহ্নিত করে।

—ইভান দের্ঝান্স্কি

**প্রশ্ন নং 3 (20 পয়েন্ট).** এখানে বাংলা অনুবাদসহ কিছু নূকি ভাষায় বাক্য আছে:

1. **ǂoo ŋ|ii ŋ** — লোকটা কি আমাকে দেখতে পায়?
2. **g|a !aukea ŋ ŋ|ŋ** — তুমি আমাকে ভয় পাও?
3. **cuu xae a ǂʔii ŋǁa** — তুমি কার কথা ভাবো?
4. **u ǁãu ke ǁu |qhõʕo** — তোমার ভাই নাচে না।
5. **ɟanasa xae ǂqheeke** — চোরটি কি গান গায়?
6. **ŋ|ŋ si sĩisen ŋ !haeke** — আমি কি আগামীকাল কাজ করবো?
7. **ǂhun ke !aukea ŋ g|i** — কুকুরটি আমাদের ভয় পায়।
8. **na ǁu ǂʔii ŋ g|a xaŋki** — আমি তোমার মায়ের কথা ভাবি না।
9. **g|i aŋki si |qhõʕo ŋ g!ari** — আমাদের বাবা কি আপিংটনে নাচবেন?
10. **kiɟa xae ǂoo sĩisen ŋǁa** — লোকটি কোথায় কাজ করে?
11. **g|a ŋ|ii a ŋǁŋ** — তুমি কি তোমার বাড়ি দেখতে পাও?
12. **ŋ|ŋ xae a !ʔai** — আমি কি সে যাকে তুমি ডাকো?
13. **u kee |eeki ǂʔii ŋǁa** — মহিলাটি তোমার ব্যাপারে ভাবে।
14. **a xaŋki ke kacuuʔi ŋ g|a ts'aaʔa ŋ** — তোমার মা জিজ্ঞেস করে তুমি আমাকে পছন্দ করো কিনা।
15. **kama ɟa xae ŋ si ŋ|ii u ŋǁa** — আমি তোমাকে কখন দেখবো?
16. **ŋ !uu ke kacuuʔi ŋ ŋ|ŋ si ǂqheeke ŋ !haeke** — আমার দাদু জিজ্ঞেস করলেন আমি কাল গাইব কিনা।

(a) বাংলায় ভাষায় অনুবাদ কর:

17. **na kacuuʔi ŋ g|u xae ŋ !uu !ʔai**
18. **na ǁu si sĩisen ŋ g!ari**
19. **|eeki ke !aukea ŋ ŋ|ŋ ǂhun**
20. **ŋ kee si !ʔai a**
21. **cuu xae u ŋ|ii**
22. **cuu xae ts'aaʔa ŋ**

(b) নূকি ভাষায় অনুবাদ কর:


23. আমাদের মা তোমার ভাইকে ডাকবে না।
24. আমার কুকুর তোমাকে ভয় পায়।
25. তুমি কোথায় গান করবে?
26. আমি জিজ্ঞাসা করি এটা কি আমাদের দাদু যাকে নিয়ে তুমি ভাবো।
27. কে আগামীকাল নাচ করবো?
28. তুমি আমাদের দেখতে পাও?

⚠ নূকি (বা ন ☒ ঙ্গ) ভাষাটি টুউ ভাষাগোষ্ঠীর অন্তর্গত। এটি দক্ষিণ আফ্রিকার উত্তর কেপ প্রদেশের আপিংটন (**g!ari**) এর আশেপাশে কথা বলা হয়। 2021 হিসাবে, এটিতে শুধুমাত্র একজন অবশিষ্ট স্থানীয় বক্তা রয়েছে।

**ã**, **ĩi** এবং **õʕo** স্বরবর্ণ। **ɟ**, **ŋ**, **ts'** এবং **ʔ** ব্যঞ্জনবর্ণ। **|**, **!**, **ǁ**, **ǂ** এবং সংমিশ্রণ **g|**, **g!**, **ŋ|**, **ŋǁ**, **!h**, **ǁh**, **ǂh**, **|qh**, **ǂqh**, **!ʔ** এবং **ǂʔ** ক্লিক ব্যঞ্জনবর্ণ নির্দেশ করে (বিশেষ করে **ŋ|** এবং **ŋǁ** হল অনুনাসিক ক্লিক ব্যঞ্জনবর্ণ)।

—ইমুর ম্যাকনাইট, স্যামুয়েল আহমেদ

**প্রশ্ন নং 4 (20 পয়েন্ট).** এখানে আরাবানা ভাষীদের দুটি পরিবারের পারিবারিক গাছ আছে। এই গাছগুলিতে, ভাইবোনেরা বাঁ থেকে ডান দিকে বড় থেকে কনিষ্ঠ পর্যন্ত সাজানো আছে:




এখন এখানে 22 লোকের উচ্চারণ রয়েছে যা তাদের কিছু আত্মীয়ের সাথে তাদের সম্পর্ক বর্ণনা করে:

A: ``**D anthunha wardu.**
**F anthunha** ............(i).''

B: ``**C anthunha nhuthi.**
**D anthunha apityi.**
**E anthunha nhuthi.**
**G anthunha lhuka.**''

C: ``**B anthunha kupaka.**
**D anthunha apityi.**
**E anthunha kupaka.**
**G anthunha lhuka.**''

D: ``**A anthunha lhuka.**
**B anthunha piyaka.**
**E anthunha** ...........(ii).
**G anthunha nhupa.**''

E: ``**B anthunha kupaka.**
**C anthunha nhuthi.**
**G anthunha lhuka.**''

F: ``**A anthunha nhupa.**''

G: ``**C anthunha wardu.**
**E anthunha wardu.**''

H: ``**N anthunha piyaka.**
**O anthunha** ..........(iii).
**W anthunha** ..........(iv).''

I: ``**V anthunha piyaka.**''

J: ``**H anthunha apityi.**
**L anthunha** ...........(v).''

K: ``**P anthunha** ..........(vi).''

L: ``**K anthunha piyaka.**
**U anthunha kaku.**
**V anthunha kadnhini.**
**W anthunha kadnhini.**''

M: ``**K anthunha wardu.**
**L anthunha nhupa.**''

O: ``**H anthunha wardu.**
**T anthunha amanyi.**
**W anthunha nhupa.**''

P: ``**H anthunha nhupa.**
**I anthunha** .........(vii).
**V anthunha lhuka.**''

R: ``**H anthunha thanti.**''

S: ``**J anthunha thanti.**
**L anthunha thanti.**
**V anthunha nhupa.**''

T: ``**J anthunha kaku.**
**L anthunha nhuthi.**
**N anthunha kaku.**
**S anthunha thanti.**''

U: ``**J anthunha kupaka.**
**R anthunha** ........(viii).
**V anthunha kadnhini.**''

V: ``**N anthunha kadnhini.**
**P anthunha wardu.**
**Q anthunha** ..........(ix).
**T anthunha kadnhini.**''

W: ``**N anthunha kadnhini.**''

X: ``**U anthunha nhupa.**''

(a) পরিবারের সদস্যদের **A–X** সাথে পারিবারিক গাছে তাদের অবস্থান (1–24) সাথে মিলিয়ে নাও।

(b) শূন্যস্থান (i–ix) পূরণ কর।

⚠ আরাবনা ভাষাটি পামা-নিউংগান ভাষাগোষ্ঠীর অন্তর্গত। এই ভাষাটি দক্ষিণ অস্ট্রেলিয়া রাজ্যে প্রায় 15 জন মানুষ বলে থাকেন।

এই প্রশ্নে, সুবিধার জন্য প্রত্যেক ব্যক্তিকে একটি অক্ষর দিয়ে উল্লেখ করা হয়েছে, কিন্তু আরাবানা নামের উদাহরণগুলির মধ্যে রয়েছে **Wanga-mirri** 'অনেক সকালবেলায়', **Palku-nguyu-thangkayiwanha** 'এক তীর মেঘ অস্থায়ীভাবে বসে আছে' এবং **Kutha-kiRanangkarda** 'জলের প্রবাহ'।

**dnh, lh, ng, nh, ny, R, rd, rr, th, ty, w** এবং **y** ব্যঞ্জনবর্ণ।

—টম ম্যাক্ কয়

**প্রশ্ন নং 5 (20 পয়েন্ট).** প্রোটো-চ্যামিক হল অস্ট্রোনেশিয়ান পরিবারের মধ্যে চামিক গোষ্ঠীর সমস্ত ভাষার সাধারণ পূর্বপুরুষ। এটির বর্তমান সময়ের অনেক বংশধরদের তুলনা করে ভাষাবিদদের দ্বারা এটি পুনর্গঠিত হয়েছিল, যার মধ্যে আছে ফান রং চাম এবং সাট।

এখানে প্রোটো-চ্যামিক, ফান রং চাম, এবং সাট এ কিছু শব্দ এবং তাদের অর্থ আছে:


| প্রোটো-চ্যামিক | ফান রং চাম | সাট | **অর্থাত** |
|---|---|---|---|
| ***ʔikaːn** | **ikan** | **kaːn$^{33}$** | মাছ |
| ***dikiʔ** | **takiʔ** | **kiʔ$^{42}$** | কিছু |
| ***dilah** | **talàh** | **la$^{55}$** | জিহ্বা |
| ***jalaːn** | **calàn** | **laːn$^{11}$** | রাস্তা |
| ***lima** | **limɨ** | **ma$^{33}$** | *5* |
| ***lanah** | **linɨh** | **na$^{55}$** | পুঁজ |
| ***dua lapan** | **tàlipan** | **paːnʔ$^{42}$** | *8* |
| ***labaːt** | **lipàʔ** | **phaːʔ$^{42}$** | হাঁটা |
| ***bara** | **pirà** | **phia$^{11}$** | কাঁধ |
| ***bahrow** | **piròw** | **phiə$^{11}$** | নতুন |
| ***bulow** | **pilòw** | **phiə$^{11}$** | লোম |
| ***paley** | **paley** | **piai$^{33}$** | গ্রাম |
| ***masam** | **mɨtham** | **saːnʔ$^{42}$** | ভিনেগার |
| ***basah** | **pathah** | **sa$^{55}$** | ভিজা |
| ***bəsey** | **pathey** | **sai$^{11}$** | লোহা |
| ***mata** | **mɨta** | **ta$^{33}$** | চোখ |
| ***rataːk** | **rataʔ** | **taːʔ$^{24}$** | শিম |
| ***hatay** | **hatay** | **taːiʔ$^{42}$** | লিভার |
| ***paday** | **patày** | **thaːiʔ$^{42}$** | ধান/চাল |
| ***padam** | **patàm** | **thaːnʔ$^{42}$** | নিভিয়ে ফেলা |
| ***ʔiduŋ** | **itùng** | **thuŋ$^{11}$** | নাক |
| ***batuk** | **patuʔ** | **tuʔ$^{42}$** | কাশা |
| ***maray** | **mɨray** | **zaːiʔ$^{42}$** | আসা |
| ***ʔurat** | **uraʔ** | **zaʔ$^{24}$** | টেন্ডন |
| ***rək** | **rəʔ** | **zəʔ$^{24}$** | ঘাস |
| ***bala** | **pilà** | [(a) দেখো] | বিধবা |

(a) বর্তমান সাট ভাষায় প্রোটো-চ্যামিক শব্দ ***bala** এর কোন বংশধর পাওয়া যায় না। তবে সাট এ পাওয়া গেলে কি হতো?

(b) শূন্যস্থান (1–18) পূরণ কর। ছায়া সহ ঘরগুলি পূরণ করার প্রয়োজন নেই।

| প্রোটো-চ্যামিক | ফান রং চাম | সাট | অর্থাত |
|---|---|---|---|
| ***kulit** | **kaliʔ** | ......................(1) | চামড়া |
| ***hitam** | **hatam** | ......................(2) | কালো |
| ***bubah** | **papàh** | ......................(3) | মুখ |
| ***ʔikat** | ......................(4) | ......................(5) | বাঁধা |
| ***dəpa** | ......................(6) | ......................(7) | বাহু সম্প্রসারণ |
| ***matay** | ......................(8) | ......................(9) | মরা |
| ***dalam** | ....................(10) | ....................(11) | ভিতরে |
| ***labuh** | ....................(12) | ....................(13) | নিচে পড়া |
| ***bulaːn** | ....................(14) | ....................(15) | চাঁদ |
| | **pala** | ....................(16) | বপন করা |
| | **tapùh** | ....................(17) | মুক্তিপণ করা |
| | **tatà** | ....................(18) | বক্ষ |

বাহু সম্প্রসারণ



⚠ ফান রং চাম ভাষাটি (বা পূর্ব চ্যাম) দক্ষিণ-মধ্য ভিয়েতনামে প্রায় 73,000 জন মানুষ বলে থাকেন। সাট ভাষাটি চীনের হাইনান প্রদেশের সানিয়া শহরে প্রায় 4,500 জন মানুষ বলে থাকেন।

প্রোটো-চ্যামিক-এর সমস্ত শব্দ একটি তারকাচিহ্ন (*) দিয়ে চিহ্নিত করা হয়েছে, যা নির্দেশ করে যে শব্দটি পুনর্গঠন করা হয়েছে এবং প্রত্যয়িত নয়।

**ph** = ফ; **th** = থ। **c** ≈ চ। **j** ≈ জল শব্দের মধ্যে জ। **ñ** ≈ নিঞন এর নিঞ। **ng** (ফান রং চাম ) = **ŋ** (সাট ) = ঙ। **y** = নয়ন শব্দের মধ্যে য। **ʔ** ব্যঞ্জনবর্ণ (গ্লোটাল স্টপ নামে পরিচিত)। **ɨ** =ঊষার ঊ শব্দ কিন্তু ঠোঁট গোল না করে। **ə** = ইংরেজি *about* শব্দের *a*।

চিহ্ন **ː** স্বরবর্ণের দৈর্ঘ্য চিহ্নিত করে। চিহ্ন **`** নীচু স্বর চিহ্নিত করে (ফান রং চাম )। চিহ্ন **55**, **42**, **33**, **24** এবং **11** যথাক্রমে উঁচু, পতনশীল, মধ্যস্থ, উঠতি, এবং নীচু স্বর চিহ্নিত করে (সাট )।

চ্যামিক গোষ্ঠীর অন্তর্গত নয় এমন কোনো অস্ট্রোনেশিয়ান ভাষার জ্ঞান এই প্রশ্ন সমাধানের জন্য প্রাসঙ্গিক নয়।

—থুংল ফান

**সম্পাদক:** স্যামুয়েল আহমেদ (প্রধান সম্পাদক), এলিসিয়া ওয়ার্নার, মিনকিউ কিম, স্তানিস্লাভ গুরেভিচ, দিমিত্রি গেরাসিমভ, শিঞ্জিনী ঘোষ, হিউ ডোব্স, ইভান দের্ঝানিস্ক (কারিগরি সম্পাদক), আন্দ্রে নিকুলিন, আলেক্সান্দ্র পিপের্স্কি, আলেক্সেই পেগুষেভ, ইয়ান পেত্র, প্শেমিস্লাভ পোদলেশনি, থুংল ফান, মিলেনা ভেনেভা, ইমুর ম্যাকনাইট, মারিয়া রুবিনশ্তেইন, দানিয়েল রুৎস্কি, ব্রুনো লআস্তোরিনা, দাভিদ হূলতমান, গাব্রিয়েলা হ্লাদ্রিক।

**বাংলা পাঠ:** শিঞ্জিনী ঘোষ।

শুভ কামনা!